BN-7

# ফিশিং হামলা এড়াতে গ্রাহকদের প্রতি আরবিআই-এর জরুরি বিজ্ঞপ্তি

- **রিজার্ভ ব্যাঙ্ক অফ্ ইণ্ডিয়া'র দাবি-জানানো ফিশিং (ভুয়ো) ই-মেলের প্রত্যুত্তর দেবেন না।**
- একথা রিজার্ভ ব্যাঙ্ক অফ্ ইণ্ডিয়া'র গোচরে এসেছে যে তাদের নামে একাধিক ই-মেল পাঠানো হচ্ছে যেখানে ''ব্যাঙ্ক-গ্রাহকদের জানানো হচ্ছে তাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্টের খুঁটিনাটি বিবরণ আপডেট করার জন্যে''।
- রিজার্ভ ব্যাঙ্ক একথা পরিষ্কার ক'রে জানিয়ে দিয়েছে যে তারা এধরনের কোনো ই-মেল পাঠায় **নি**। রিজার্ভ ব্যাঙ্ক বা ব্যাঙ্কসমূহ কোনো উদ্দেশ্যেই ব্যাঙ্ক অ্যাকাউন্ট-সংক্রান্ত বিবরণ জানতে চেয়ে কখনো সংযোগপত্র জারি করবে না। **রিজার্ভ ব্যাঙ্ক সাধারণ জনতার কাছে আর্জি জানাচ্ছে এধরনের ই-মেলের প্রত্যুত্তর না দেওয়ার জন্যে এবং কোনো উদ্দেশ্যেই কারোর সঙ্গে তাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরণ ভাগাভাগি না ক'রে নেওয়ার জন্যে।**
- জালিয়াৎদের দল নানান আকর্ষণীয় অফারও পাঠায় চিঠিচাপাটি, ই-মেল, মোবাইল ফোন, এসএমএস, প্রভৃতির মাধ্যমে। ঐসব অফার বিশ্বাসযোগ্য ক'রে তোলার জন্যে প্রায়শই সংযোগপত্রগুলি পাঠানো হয় লেটার হেড/ওয়েবসাইট থেকে, যাতে আপাতদৃষ্টিতে মনে হয় তা' বুঝি রিজার্ভ ব্যাঙ্ক অফ্ ইণ্ডিয়া'রই মতো কোনো সরকারি কর্তৃপক্ষের তরফ থেকে এসেছে। তবে শুধু ভারপ্রাপ্ত আধিকারিকদের নামটুকুই এক্ষেত্রে সঠিক হতে পারে, তাঁদের সইগুলো জাল হয়। অফার ডক্যুমেন্টে তথাকথিত কোনো আরবিআই অফিসারের যোগাযোগকেন্দ্রিক খুঁটিনাটি দেওয়া থাকে, যিনি রিজার্ভ ব্যাঙ্ক / সরকারি কর্তৃপক্ষের কোনো বিভাগে কর্মরত। **রিজার্ভ ব্যাঙ্ক জনগণকে সতর্ক ক'রে দিতে চায় বিদেশ থেকে আগত টাকা'র এরূপ অফারে কোনোভাবেই প্রতিক্রিয়াশীল না হওয়ার জন্যে।**
- **জনসাধারণকে এবিষয়েও সজাগ ক'রে দেওয়া হচ্ছে যাতে তাঁরা অজানা-অচেনা গোষ্ঠীর পক্ষ থেকে আসা এধরনের যোজনা/অফারে যোগদানের জন্যে কোনোরূপ অর্থপ্রদান না করেন**। তার কারণ এরূপ অর্থপ্রদান বেআইনি এবং ভারতের কোনো আবাসিক এধরনের অর্থপ্রদান ভারতের বাইরে সরাসরি/পরোক্ষভাবে যদি কাজে পর্যবসিত/প্রদান করেন, সেক্ষেত্রে ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট আইন, 1999 লঙ্ঘনের জন্যে তাঁর বিরুদ্ধে আইনি কার্যধারা-চালানোর জন্যে তিনি উত্তরদায়ী থাকবেন। এইধরনের অফার প্রতারণাপূর্ণ হয় এবং জনসাধারণ যেন অবিলম্বে স্থানীয় পুলিশ/সাইবার-অপরাধমূলক কর্তৃপক্ষের কাছে লিখিত অভিযোগ দায়ের করেন, যদি তাঁরা এরূপ কোনো অফার গ্রহণ করেন অথবা এরকম কোনো ছলচাতুরির শিকার হয়ে পড়েন।
- **রিজার্ভ ব্যাঙ্ক কোনোপ্রকার টাকাকড়ি-সংক্রান্ত বন্দোবস্তে সামিল থাকে না, তা' সে যে নামেই হোক, এমনকি এধরনের ভুয়ো সংযোগস্থাপনের প্রতিক্রিয়াস্বরূপ প্রদত্ত টাকাপয়সা উদ্ধারের কোনোরূপ দায়বহনও করে না।**

Validity : Permanent
Ver : BN7_V1.0_Sep11

এইচ ডি এফ সি ব্যাঙ্ক
আমরা বুঝি আপনার জগৎ